ইকবাল খন্দকারের গান আলাপনে টুনটুন বাউল ও সালমা

বাংলাদেশ টেলিভিশনের নিয়মিত অনুষ্ঠান ‘গান আলাপন’। অনুষ্ঠানটি মূলত মিউজিক ভিডিওর অনুষ্ঠান। যেখানে উপস্থিত থাকেন দেশের স্বনামধন্য সংগীতশিল্পীগণ। উপস্থাপক তাদের সঙ্গে সংগীতবিষয়ক আলোচনা করেন, আর আলোচনার ফাঁকে ফাঁকে থাকে মিউজিক ভিডিও। তবে এক্ষেত্রে প্রাধান্য দেওয়া হয় উপস্থিত শিল্পীদের নতুন মিউজিক ভিডিওকে।

‘গান আলাপন’ অনুষ্ঠানটি গ্রন্থনা ও উপস্থাপনা করেন ইকবাল খন্দকার। আর প্রযোজনায় শাহজালাল সরদার শিমুল। একবছরের বেশি সময় ধরে চলতে থাকা জনপ্রিয় এই অনুষ্ঠানটির চলতি পর্বের অতিথি প্রখ্যাত লালনসংগীত শিল্পী টুনটুন বাউল ও ক্লোজআপ ওয়ান তারকা সালমা। পর্বটি বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডে একযোগে প্রচার হবে আজ মঙ্গলবার সকাল ১১টা ২০ মিনিটে।

‘গান আলাপন’ সম্পর্কে ইকবাল খন্দকার বলেন, ‘আমাদের মিউজিক ভিডিওগুলো এখন অনেক বেশি আধুনিক আর উন্নত। এই অনুষ্ঠানের উদ্দেশ্য, সেইসব ভিডিওকে দর্শকের সামনে তুলে ধরা এবং বাংলা আধুনিক গানকে আরো বৃহৎ পরিসরে ছড়িয়ে দেওয়া’।

বেঁচে থাকলে আবার দেখা হবে: শ্রাবন্তী

এক সময়ের জনপ্রিয় মডেল ও অভিনেত্রী ইপশিতা শবনম শ্রাবন্তী। মিডিয়া থেকে দূরে রয়েছেন অনেক দিন। সন্তান নিয়ে যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাস করছেন তিনি। তার মা দীর্ঘদিন ধরেই ডায়াবেটিকস ও লিভারের সমস্যায় ভুগছিলেন। গত ২০ অক্টোবর রাতে বগুড়ার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন শ্রাবন্তীর মা মাহমুদা সুলতানা।

এর আগে, গত ৯ অক্টোবর মায়ের অসুস্থতার কারণে ঢাকায় আসেন শ্রাবন্তী। সম্প্রতি তার মায়ের মৃত্যু হয়। আগামী ৩ নভেম্বর সকালে এমিরেটস এয়ারলাইনসের একটি বিমানে সন্তানদের নিয়ে ঢাকা ছাড়বেন বলে গণমাধ্যমকে জানিয়েছেন শ্রাবন্তী।

তিনি বলেন, এবারের ঢাকা আসাটা একটু ভিন্ন। ইচ্ছা থাকা সত্ত্বেও অনেকের সঙ্গে দেখাও করতে পারিনি। করোনার কারণে এটা সম্ভব হয়নি। ইনশাআল্লাহ, নেক্সট ইয়ারে সবকিছু স্বাভাবিক হলে আবার দেশে আসার ইচ্ছা আছে। বেঁচে থাকলে দেখা হবে।

উল্লেখ্য, সন্তানদের নিয়ে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে প্রায় পাঁচ বছর ধরে বাস করছেন শ্রাবন্তী। এর মধ্যে দু’বার দেশে এসেছেন। তিনি ‘জোছনার ফুল’ ধারাবাহিক নাটক দিয়ে আলোচনায় আসেন। নাট্যাঙ্গনে ছিল শ্রাবন্তীর তুমুল জনপ্রিয়তা। অভিনয় দিয়ে জয় করেছিলেন দর্শকহৃদয়। প্রশংসা এবং দর্শকপ্রিয়তা পেয়েছিল শ্রাবন্তী অভিনীত ‘রং নাম্বার’ ও ‘ব্যাচেলর’ সিনেমা দুটি।

তোপের মুখে অক্ষয় কুমারের সিনেমার নাম পরিবর্তন

বলিউডের জনপ্রিয় অভিনেতা অক্ষয় কুমার অভিনীত সিনেমা ‘লক্ষ্মী বোম্ব’ মুক্তির অপেক্ষায়। ইতোমধ্যে সিনেমাটির ট্রেইলার ও গান দর্শকের মাঝে ভালো সাড়া ফেলেছে। ‘লক্ষ্মী বোম্ব’ সিনেমাটির ট্রেইলার ও পোস্টারে অক্ষয়কে শাড়ি পরা অবস্থায় দেখা গেছে। কিন্তু অক্ষয় কুমারের এই সিনেমার নাম নিয়ে এখন তৈরি হয়েছে বিতর্ক। যার ফলে তোপের মুখে পড়েছেন নির্মাতারা। অবশেষে পরিবর্তন করা হয়েছে সেই ছবির নাম।

সিনেমাটির নাম শুরুতেই দেওয়া হয়েছিল ‘লক্ষ্মী বোম্ব’। কিন্তু সিনেমার এই নাম নিয়ে ভারতীয় কট্টরপন্থী সংগঠন রাজপুত করনি সেন প্রতিবাদ জানান। তাদের অভিযোগ, এতে হিন্দু ধর্মাবলম্বীদের অনুভূতিতে আঘাত করা হয়েছে। নির্মাতারা উদ্দেশ্য প্রণোদিতভাবে সিনেমার নামে ‘লক্ষ্মী’ ব্যবহার করে দেবীকে অসম্মান করেছেন। এ

বিষয়ে একটি আইনি নোটিশও পাঠানো হয়।

এমন তোপের মুখে সিনেমাটির নাম থেকে ‘বোম্ব’ শব্দটি বাদ দিয়ে শুধু ‘লক্ষ্মী’ দেওয়া হয়েছে। বক্স অফিস বিশ্লেষক তরন আদর্শ মাইক্রোব্লগিং সাইট টুইটারে এই তথ্য জানিয়েছেন। তিনি লিখেছেন, পরিবর্তন করা হয়েছে ‘লক্ষ্মী বোম্ব’ সিনেমাটির নাম। এখন এটির নাম ‘লক্ষ্মী’। আগামী ৯ নভেম্বর ডিজনি প্লাস হটস্টারে সিনেমটি মুক্তি পাবে। এতে অভিনয় করছেন অক্ষয় কুমার ও কিয়ারা আদভানি। ২০১১ সালে মুক্তিপ্রাপ্ত তামিল ভাষার ‘কাঞ্চানা’ সিনেমার হিন্দি রিমেক ‘লক্ষ্মী’। এটি পরিচালনা করেছেন রাঘব লরেন্স। প্রযোজনায় রয়েছে অ্যা কেপ অব গুড ফিল্মস প্রোডাকশন, সাবিনা এন্টারটেইনমেন্ট, তুষার এন্টারটেইনমেন্ট হাউজ। সিনেমাটির পরিবেশনায় রয়েছে ফক্স স্টার স্টুডিওস।

সিনেমায় রূপান্তকামী চরিত্রে দেখা যাবে অক্ষয়কে। চরিত্রটি সম্পর্কে তিনি বলেন, ‘আমার অভিনয় ক্যারিয়ারে ৩০ বছর পার করেছি। তবে লক্ষ্মী চরিত্রটি আমার মনের গভীরে থাকবে। পরিচালক রাঘব লরেন্সকে ধন্যবাদ। চরিত্রটি যেভাবে কথা বলে, হাঁটে, নাচে সবই তিনি দেখিয়ে দিয়েছেন। আমি শুধু তাকে অনুকরণ করেছি। যদি সিনেমাটি ভালো ব্যবসা করে এর সবই তার কৃতিত্ব।

চিত্রনায়িকা জলির ঘরে নতুন অতিথি

ঢালিউড চিত্রনায়িকা জলি মা হয়েছেন। মেয়ের নাম রেখেছেন সেহেমাত রহমান। গত ১৭ জুলাই উত্তরার একটি হাসপাতালে জন্ম নেয় জলির মেয়ে। এতদিন বিষয়টি গোপন রাখার কারণ ব্যাখ্যা করতে গিয়ে গণমাধ্যমকে জলি জানিয়েছেন, জানালে হয়তো ছবিও প্রকাশ করতে হতো। একেবারে ছোট একটি শিশুর ছবি প্রকাশ করতে চাইনি। ভেবেছিলাম, সে একটু বড় হলে সবাইকে জানাব, এখন সেটাই করছি।

জলি আরও জানান, প্রত্যেক মেয়েই মা হওয়ার স্বপ্ন দেখে। আমি এই পৃথিবীতে সন্তান জন্ম দিতে পেরেছি, এর চেয়ে আনন্দের আর কিছু নেই

আমার কাছে।

জলি অভিনীত প্রথম ছবি ‘অঙ্গার’। এতে জলির বিপরীতে অভিনয় করেছিলেন কলকাতার ওম। এরপর আরিফিন শুভর সঙ্গে ‘নিয়তি’ ও শাহরিয়াজের সঙ্গে ‘মেয়েটি এখন কোথায় যাবে’ ছবি দুটি মুক্তি পায়। সম্প্রতি কাজ শেষ করা তার ‘ডেঞ্জার জোন’ ছবিটি রয়েছে মুক্তির অপেক্ষায়। ‘অফিসার রিটার্নস’ নামে একটি ছবিতে চুক্তিবদ্ধ হয়ে আছেন।

২০১৯ সালের মে মাসে ব্যবসায়ী আরাফাত রহমানকে বিয়ে করেন জলি। তিনি বলেন, ‘ডেঞ্জার জোন’ ছবিটি শিগগিরই মুক্তি পাবে। দর্শকের আগ্রহের ওপর নির্ভর করছে অভিনয়ে আমার ফেরা না ফেরা।

বিডি প্রতিদিন/ফারজানা

৪০ বছর পর চীনে মুক্তি পাচ্ছে পাকিস্তানি সিনেমা

চীনে মুক্তি পাচ্ছে পাকিস্তানের সিনেমা। প্রায় ৪০ বছর পর আগামী ১৩ নভেম্বর থেকে চীনা হলগুলোতে ‘পারওয়াজ হ্যায় জুনুন’ নামে একটি সিনেমা দেখানো হবে।

পরিচালক হাসিব হাসানের তৈরি এ সিনেমার প্লট এক পাকিস্তানি বিমান সেনা অফিসারকে নিয়ে। জেএফ-১৭ ফাইটার জেট ওড়ানোর স্বপ্ন দেখেন গল্পের নায়ক।

প্রসঙ্গত, পাকিস্তান বিমানবাহিনীর জেএফ-১৭ ফাইটার জেট চীনের তৈরি।
সূত্র: দ্য ওয়াল

বিয়ের প্রস্তাবে রাজি না হওয়ায় অভিনেত্রীকে হত্যাচেষ্টা!

বিয়ের প্রস্তাবে রাজি না হওয়ায় প্রকাশ্যে টিভি অভিনেত্রী মালভি মালহোত্রাকে ছুরি দিয়ে ক্ষতবিক্ষত করেছে এক ফেসবুক বন্ধু। এ ঘটনায় গুরুতর জখম অবস্থায় মালভিকে মুম্বাইয়ের কোকিলাবেন ধীরুভাই আম্বানি হাসপাতালে ভর্তি করা হয়।

সোমবার রাতে মুম্বাইয়ের ভারসোভায় এ ঘটনা ঘটে। মালভি মালহোত্রার উপর হামলার ঘটনায় জোরালো শোরগোল শুরু হয়েছে বিভিন্ন মহলে।

মালভি জানিয়েছেন, ২০১৯ সালে ফেসবুক মারফত পেশায় চলচ্চিত্র প্রযোজক যোগেশকুমার মহিপাল সিং নামে ওই অভিযুক্তের সঙ্গে বন্ধুত্ব হয় তার।
এ ঘটনায় আক্রমণকারী যোগেশকুমার মহীপাল সিংয়ের উপযুক্ত শাস্তির দাবিতে সরব হয়েছেন মালভি।

টেলিভিশনের এই ভারতীয় অভিনেত্রী জাতীয় মহিলা কমিশনের প্রধান রেখা শর্মার সাহায্য চান। পাশাপাশি ঘটনাটির বিচারে কঙ্গনা রনৌত যাতে তাকে সাহায্য করেন এবং তার পাশে দাঁড়ান, সে বিষয়ে কঙ্গনাকে অনুরোধ করেন মালভি।

কঙ্গনা রনৌতের জন্ম হিমাচল প্রদেশের মান্ডিতে। মালভির জন্মও মান্ডিতে। দোষীর উপযুক্ত শাস্তির জন্য কঙ্গনা যাতে পদক্ষেপ নেন, সে বিষয়ে ‘বলিউড কুইন’র সাহায্য চান মালভি মালহোত্রা।

ভারতীয় সংবাদমাধ্যম জানায়, সম্প্রতি দুবাই থেকে মুম্বাই ফেরেন মালভি মালহোত্রা। গত সোমবার রাত ৯টা নাগাদ ভরসোভার একটি ক্যাফেটেরিয়া থেকে বের হওয়ার সময় মালভি মালহোত্রার উপর ছুরি নিয়ে হামলা চালান যোগেশকুমার মহীপাল সিং নামে এক ব্যক্তি।

মালভি কেন তার সঙ্গে কথা বলছেন না এবং তার বিয়ের প্রস্তাব ফিরিয়ে দিচ্ছেন-মহীপাল সিং এমন প্রশ্ন করলে মালভি তাকে স্পষ্ট জানিয়ে দেন, তিনি যেন অভিনেত্রীর পেছন পেছন না ঘোরেন। মালভি তাকে বিয়ে করবেন না বলেও স্পষ্ট জানিয়ে দেন সরাসরি। এরপরই ক্ষুব্ধ হয়ে মহীপাল সিং তার উপর ছুরি নিয়ে হামলা চালান বলে জানা যায়। তিনবার

হামলা চালিয়ে সেখান থেকে পালিয়ে যায় অভিযুক্ত।

এ ঘটনায় অভিযুক্তের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছেন মালভি। মুম্বাই পুলিশের দাবি, ইতোমধ্যেই খুনের চেষ্টা ও ধাওয়া করার অপরাধে মামলা রুজু করা হয়েছে। মহীপালকে খুব শিগগিরই গ্রেফতার করবে পুলিশ, তদন্ত শুরু হয়েছে।

হলিউডে নতুন ছবির ঘোষণা দিলেন প্রিয়াঙ্কা

হলিউডে নিজের পরবর্তী ছবির ঘোষণা দিয়েছেন প্রিয়াঙ্কা চোপড়া। ছবির নাম ‘টেক্স ফর ইউ’। এটি জার্মান ছবি ‘এসএমএস ফর ডিচ’র রিমেক। হৃদয় ভাঙা দুই নর-নারীর ফের প্রেমে পড়া নিয়ে লেখা উপন্যাস অবলম্বনে নির্মিত হয়েছিল ছবিটি।

‘টেক্স ফর ইউ’ নামে রিমেক হতে যাওয়া ছবিটির সঙ্গে যুক্ত হয়েছেন গ্র্যামিজয়ী শিল্পী সেলিন ডিওন। পরিচালক ও চিত্রনাট্যকার হিসেবে আছেন জিম স্ট্রাউজ। ছবিতে প্রিয়াঙ্কার সহশিল্পী স্যাম হিউগান।

এদিকে, ২৮ অক্টোবর প্রিয়াঙ্কার নতুন ছবি ‘দ্য হোয়াইট টাইগার’ এর ট্রেলার প্রকাশিত হয়েছে। ছবিতে প্রথমবারের মতো বলিউড তারকা রাজকুমার রাওয়ের সঙ্গে জুটি বেঁধেছেন প্রিয়াঙ্কা। অরবিন্দ আদিগার লেখা ম্যান বুকার পুরস্কার জয়ী ‘দ্য হোয়াইট টাইগার’ অবলম্বনে ছবিটি নির্মাণ করা হয়েছে। আগামী ২২ জানুয়ারি মুক্তি পাবে ছবিটি।

‘মুখোশ’ সিনেমায় রহস্যময়

চরিত্রে মোশাররফ করিম

সরকারি অনুদানে নির্মিত হচ্ছে ছবি ‘মুখোশ’। ছবিতে কেন্দ্রীয় নারী চরিত্রে অভিনয় করবেন পরীমনি। তার বিপরীতে দেখা যাবে রোশানকে। এ ছবিতে অভিনয় করতে দেখা যাবে দেশের জনপ্রিয় অভিনেতা মোশাররফ করিমকে।

মঙ্গলবার (২৭ অক্টোবর) রাতে বিষয়টি নিশ্চিত করেছেন পরিচালক ইফতেখার শুভ। তিনি বলেন, ‘গতকাল সোমবার মোশাররফ করিম ভাইয়ের সঙ্গে চুক্তি হয়েছে। তিনি এখানে একটি রহস্যময় চরিত্রে অভিনয় করবেন।’

তিনি জানান, ‘মুখোশ’ সিনেমার শিল্পী প্রায় চুড়ান্ত। এখানে অভিনয় করবেন বলে চুক্তিবদ্ধ হয়েছেন ইরেশ যাকের ও ফারুখ আহমেদ। ইরেশ যাকেরকে দেখা যাবে নেগেটিভ চরিত্রে। তার চরিত্রের নাম শাহ নেওয়াজ, পেশায় একজন প্রভাবশালী প্রযোজক। আর ফারুখ আহমেদকে দেখা যাবে পরিচালকের ভুমিকায়।

তিনি আরও জানান, এ ছবির শুটি আগামী ডিসেম্বর বা জানুয়ারিতে শুরু হবে মুখোশ সিনেমার শুটিং। সিলেট, সাভার ও ঢাকার বিভিন্ন স্থানে হবে দৃশ্যধারণ।

২০১৯-২০ অর্থ বছরের সরকারি অনুদানের জন্য নির্বাচিত হয়েছে ‘মুখোশ’ সিনেমা। এটি পরিচালনার পাশাপাশি প্রয়োজনা করছেন ইফতেখার শুভ। এটি তারই লেখা ‘মুখোশ’ উপন্যাস অবলম্বনে নির্মিত হচ্ছে।

ফজলুল হক স্মৃতি সম্মাননা পুরস্কার পেলেন আলমগীর

দেশের প্রথম চলচ্চিত্র বিষয়ক পত্রিকা সিনেমার সম্পাদক ও প্রথম শিশু চলচ্চিত্র ‘প্রেসিডেন্ট’-এর পরিচালক ফজলুল হকের ১৭তম

মৃত্যুবার্ষিকী আজ সোমবার। এই দিনে ফজলুল হক স্মৃতি পুরস্কার’২০ দেওয়া হলো নন্দিত চিত্রনায়ক ও চলচ্চিত্র পরিচালক এমএ আলমগীরকে।

সোমবার চ্যানেল আই স্টুডিওতে স্বাস্থ্যবিধি মেনে সম্মাননা পুরস্কারের ক্রেস্ট, পত্র ও অর্থমূল্য আলমগীরের হাতে তুলে দেওয়া হয়। এছাড়া চলচ্চিত্র সাংবাদিকতায় একই সম্মাননা পান শামীম আলম দীপেন। অনুষ্ঠানটির প্রধান অতিথি সৈয়দ সালাউদ্দিন জাকী, গাজী মাজহারুল আনোয়ার এবং নাসির উদ্দিন ইউসুফ পুরস্কারপ্রাপ্তদের হাতে উত্তরীয়, ক্রেস্ট, সদন ও অর্থমূল্য তুলে দেন।

এসময় আলমগীর বলেন, অনেকেই জানেন না আমি চলচ্চিত্র পরিচালনা করি। জীবনে অনেক পুরস্কার পেয়েছি, কিন্তু এ পুরস্কারটি আমার জন্য বিরাট স্মৃতি। আমি সকলের আশীর্বাদ চাই যতদিন বেঁচে থাকবো অভিনয়ও করবো এবং চলচ্চিত্রও বানাবো।

হৃত্বিক ও আদিত্যকে নিয়ে ‘অদ্ভুত ইচ্ছা’ কিয়ারা আদভানির

হৃতিক রোশন এবং আদিত্য রায় কাপুর যেন কোনদিনও গোসল না করেন। কারণ অভিনেত্রী কিয়ারা আদভানি এমনই চান। কিন্তু কেন? সম্প্রতি নেহা ধুপিয়ার চ্যাট শোয়ে অভিনেত্রী এই মন্তব্য করেন।

কিয়ারার সঙ্গে বেশ কিছু মজার আলোচনা করেন নেহা। অভিনেত্রীকে জিজ্ঞাসা করা হয় এমন একজন অভিনেতার নাম বলতে যিনি বাড়িতে থাকলে গোসল করেন না। কিয়ারা প্রশ্নটাকে একটু ঘুরিয়ে দিয়ে বলেন, আমি দু’জন অভিনেতার নাম বলবো। আমি চাই না তারা গোসল করুক। তাদের ওই অগোছালো লুকেই বেশি ভালো লাগে।

এরপরই হৃত্বিক রোশন এবং আদিত্য রায় কাপুর এর নাম নেন কিয়ারা আদভানি। কিয়ারা বলেন, আমি চাই না এরা গোসল করুক। আমি চাই এরা সবসময়ের মতোই অগোছালো এবং কুল ভাবে থাকুক। এরা হলেন হৃত্বিক রোশন ও আদিত্য রায় কাপুর।